153

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 11 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

# সরকারী উদ্যোগ মাদ্রাসা শিক্ষা বন্ধ বা ধ্বংসের পদক্ষেপ নয় কি?

## – মাদ্রাসা ছাত্র ফেডারেশন

প্রেস বিজ্ঞপ্তি ঃ সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী এইচ কে সাদেক, পররাষ্ট্রমন্ত্রী আঃ সামাদ আজাদের বক্তব্য "এ সরকার মাদ্রাসা শিক্ষা ধ্বংসের ষড়যন্ত্র করছে এটা একটি অপপ্রচার" এই বক্তব্যের প্রতিবাদ জানিয়ে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের কো-কনভেনর আঃ ছবুর মাতুব্বর, মোঃ ইলিয়াস মুফতী, মোঃ মফিজ উদ্দীন, মোঃ ইউনুছ এক যুক্ত বিবৃতি প্রদান করেন। বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, সরকার প্রধান ও মন্ত্রীদ্বয়ের উপরোক্ত বক্তব্য মিথ্যাকে সত্য বানানোর গোয়েবলসীয় থিওরী অবলম্বনের বহিঃপ্রকাশ। যেখানে আমরা প্রমাণসহ স্পষ্ট বক্তব্য পেশ করেছি যে এক ৭৫-পূর্ব প্রতি থানায় গড় মাদ্রাসা ছিল ৩টি, তারপর থেকে নতুন মাদ্রাসা হয়েছে ৯৬-পূর্ব প্রতি থানায় গড়ে ২০টি।

কিন্তু শেখ হাসিনা সরকার ক্ষমতায় আসীন হওয়ার পর নতুন করে কোন মাদ্রাসা মঞ্জুরি দেয়া হচ্ছে না এবং বেতন চালু করা হচ্ছে না। এছাড়া ৯৬ সনের পর থেকে বিশেষ করে ৯৮ সনের ভয়াবহ বন্যা-উত্তর ধ্বংসযজ্ঞের পর মাদ্রাসা পুনঃ নির্মাণ বা নতুন করে ভবন তৈরীর কোন অর্থ বরাদ্দ দেয়া হয়নি। বিএনপি সরকারের সময় চালুকৃত শিক্ষক প্রশিক্ষণ ভবনের কাজ বন্ধ রাখা হয়েছে।

অপরদিকে লাদেন বাহিনী ও হরকাতুল ইসলাম বাহিনীর নামে কল্পকাহিনী সৃষ্টি করে মাদ্রাসার ছাত্র ও শিক্ষকদের হয়রানি করার মাধ্যমে প্রতিষ্ঠানে তালা ঝুলিয়ে দেয়া হয়েছে। এইচএসসি মানসম্পন্ন আলিম মাদ্রাসার প্রধানকে প্রিন্সিপাল না বলে সুপার বলার জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে সার্কুলার ইস্যু করা হয়েছে। মাদ্রাসা ছাত্ররা যেন উচ্চ শিক্ষা গ্রহণ করতে না পারে অথবা ভাল ছাত্র উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী হয়ে যেন মাদ্রাসায় পড়তে উৎসাহী না হয় সেজন্য ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বাংলা, ইংরেজী বিষয়ে ভর্তির সুযোগ বাতিল করা হয়েছে। সর্বোপরি সুকৌশলে ও সন্তর্পণে কুদরত-এ-খুদা প্রবর্তিত নাস্তিক্য শিক্ষানীতি মাদ্রাসা অঙ্গনে চালুর প্রক্রিয়া অব্যাহত রাখা হয়েছে। এমন পদক্ষেপ মাদ্রাসা বন্ধ বা ধ্বংসের বহিঃপ্রকাশ নয় কি?

নেতৃবৃন্দ বলেন, এই মিথ্যুক সরকার দেশের ৮৭% মুসলমানদের সেন্টিমেন্টের উপর সরাসরি আঘাত না করে মাদ্রাসা শিক্ষা সংকোচন নীতির মাধ্যমে মাদ্রাসা শিক্ষাকে ধ্বংস করার পাঁয়তারা করছে।

নেতৃবৃন্দ বলেন, প্রধানমন্ত্রী ও মন্ত্রীদ্বয়ের বক্তব্য যদি সত্যি হয় তবে অবিলম্বে সাধারণ শিক্ষায় শিক্ষিত ছাত্র ও শিক্ষকদের ন্যায় মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের সমান সুযোগ ও মান প্রদানের মাধ্যমে সরকারকে প্রমাণ করতে হবে যে তারা মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করছেন না।